

শুক্রবার
১৯ মে ২০১৪ ২৬ বৈশাখ ১৪২১

সমকাল

লাইব্রেরি সাজানো শিখতে
বিদেশ পাঠানোর সুপারিশ!

■ সমকাল প্রতিবেদক
জাতীয় সংসদের লাইব্রেরিকে
আরও আকর্ষণীয় ও পাঠ উপযোগী
করার জন্য ধারণা নিতে সংসদীয়
কমিটির সদস্যরা
নিজদের বিদেশ সফরে
পাঠানোর সুপারিশ
করেছেন।

গতকাল বৃহস্পতিবার
সংসদ ভবনে অনুষ্ঠিত
সংসদের লাইব্রেরি কমিটির দ্বিতীয়
বৈঠকে এ সুপারিশ করা হয়েছে।
তবে সংসদ সচিবালয়ের
কর্মকর্তারা বলছেন, লাইব্রেরিতে
যারা কাজ করেন তাদের অভিজ্ঞতা
প্রয়োজন।

সংসদ সদস্যরা বিদেশ সফর
করলে তাতে লাইব্রেরির কি
উপকার হবে?

কমিটির সভাপতি ও জাতীয়
সংসদের ডেপুটি স্পিকার ফজলে
রাকী মিয়র সভাপতিত্বে বৈঠকে
কমিটির সদস্য সাহারা খাতুন,
আবুল কালাম আজাদ, বজদুল হক
হারুন, আবদুল মান্নান, মোহাম্মদ

সংসদীয়
কমিটি

হাছান মাহমুদ ও কাজী রোজী অংশ
নেন। সংসদ সচিবালয়ের
ফাইন্যান্স অ্যান্ড পাবলিক
রিলেশনস উইংয়ের অতিরিক্ত
সচিবসহ লাইব্রেরির
উর্ধ্বতন কর্মকর্তারা এ
সময় উপস্থিত ছিলেন।

বৈঠকে কমিটির বেশ
কয়েকজন সদস্য জানান,
পর্যাপ্ত সংখ্যক বই
থাকার পরও এমপিরা কেন
লাইব্রেরিতে আসছেন না, তা তারা
বুঝতে পারছেন না।

এমপিদের লাইব্রেরিমুখী না
হওয়ার কারণ খুঁজতে বিশ্বের
বিভিন্ন গণতান্ত্রিক দেশের
লাইব্রেরিওপো কীভাবে পরিচালিত
হচ্ছে, তা পরিদর্শন করা প্রয়োজন
বলে মত দেন তারা।

তারা মনে করেন, বিদেশ সফর
করে এলেই তারা এর কারণ
উদ্ঘাটন করতে পারবেন এবং
সংসদ লাইব্রেরিকে পাঠ উপযোগী
ও পাঠক আকর্ষণীয় করে
সুপারিশ করতে পারবেন।